শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি
নড়বালাখানা, শরীয়তপুর।
Web: pbs.shariatpur.gov.bd, Email: shariatpurpbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৮৬৬৯.৫৫৯.০২.০০৮.২২. ৪১০৬

তারিখঃ ১২ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ।
২৭ আগষ্ট, ২০২২ খ্রিস্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নোক্ত পদে স্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত/অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | **সহকারী ক্যাশিয়ার** (মহিলাদের জন্য সংরক্ষিত)<br><br>২৫/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুর্ধ্ব ৩০ বছর। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। | ১৮,৩০০/= হতে ৪৬,২৪০/= | ০৪ (চার) টি | (ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং অফিস যন্ত্রপাতি পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) কম্পিউটারে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে যথাক্রমে ১০ (দশ) শব্দ ও ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(ঘ) নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে অত্র সমিতির অনুকুলে ২০,০০০ (বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি জমা দিতে হবে, যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে।<br>(ঙ) প্রার্থীকে অবশ্যই ভদ্র ও বিনয়ের সাথে এবং প্রফুল্লচিত্তে জনসাধারণের সহিত কাজ করতে হবে। প্রার্থীর আর্থিক স্বচ্ছলতা যাচাই করা হবে। | বগুড়া, ব্রাহ্মণবাড়িয়া, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফেনী, গাইবান্ধা, গাজীপুর, হবিগঞ্জ, খাগড়াছড়ি, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, কুষ্টিয়া, লক্ষ্মীপুর, লালমনিরহাট, মৌলভীবাজার, ময়মনসিংহ, নওগাঁ, নারায়নগঞ্জ, নরসিংদী, নেত্রকোনা, নীলফামারী, নোয়াখালী, পাবনা, পটুয়াখালী, রাজশাহী, রাঙ্গামাটি, রংপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, টাংগাইল, ঠাকুরগাঁও এবং চাঁদপুর (চাঁদপুর জেলার ইব্রাহিমপুর, রাজরাজেস্বর, হাইমচর, নীলকমল ও গাজীপুর ইউনিয়নের স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগনের আবেদন করার প্রয়োজন নাই)। |
| ০২ | **অফিস সহায়ক**<br>২৫/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুর্ধ্ব ৩০ বছর। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। | ১৫,৫০০/= হতে ৩৯,১৭০/= | ০৬ (ছয়) টি | (ক) এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, ব্যক্তিত্ব সম্পন্ন এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>(গ) প্রার্থীকে অবশ্যই সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(ঘ) অবশ্যই বাইসাইকেল চালাতে সক্ষম হতে হবে এবং নিজস্ব বাইসাইকেল থাকতে হবে। | |

**শর্তাবলীঃ**

০১. আবেদনকারীগণ শরীয়তপুর পবিসের ওয়েবসাইট (**www.pbs.shariatpur.gov.bd** ) হতে আবেদন ফরম (**ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১**) ডাউনলোড পূর্বক যথাযথভাবে পূরণ করে আগামী **২৫/০৯/২০২২** খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি, নড়বালাখানা, শরীয়তপুর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরন করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। সরাসরি কোনো আবেদনপত্র গৃহীত হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২. আবেদন পত্রের সংগে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবেঃ
(ক) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও চারিত্রিক সনদ পত্র।
(খ) সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(গ) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।

(অঃপৃঃদ্রঃ)

(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

(ঙ) কম্পিউটার পরিচালনার অভিজ্ঞতার সত্যায়িত ফটোকপি (সহকারী ক্যাশিয়ার পদের ক্ষেত্রে)।

(চ) শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ১০০/= (একশত) টাকার ক্রসড পোষ্টাল অর্ডার অথবা বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত জনতা ব্যাংক এর যে কোন শাখা হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৩. আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্র প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

০৪. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌছাতে হবে।

০৫. নিয়োগের ক্ষেত্রে সকল ধরনের সরকারী কোটা নীতি অনুসরণ করা হবে।

০৬. নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৭. ইতঃপূর্বে কোনো পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী কারও উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৮. অত্র সমিতির বোর্ড পরিচালক/মহিলা পরিচালক, কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/ স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৯. প্রার্থীকে বাংলাদেশের যে কোনো পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১০. অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১১. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তাকে তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোনো পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোনো জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১৪. নতুন পদসৃষ্টি, পদোন্নতি, বদলী, কর্মচারীর অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপরগতা ইত্যাদি কারণে বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূণ্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১৫. অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

২৭।০৮।২২

(মোঃ জুলফিকার রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৪। পুলিশ সুপার, শরীয়তপুর।
০৫। সিনিয়ির জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ------------------পবিস- ১/২/৩/৪ ।
০৬। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৮। একান্ত সচিব, সদস্য (পবিস ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৯। ডিজিএম- সদর-কারিগরী/ডামুড্যা/জাজিরা/সখিপুর/নড়িয়া/গোসাইরহাট জোনাল অফিস শরীয়তপুর পবিস
১০। এজিএম, আইটি/এমএস/অর্থ(হিসাব/রাজস্ব)/ওএন্ডএম-সদর/ডামুড্যা/জাজিরা/সখিপুর/নড়িয়া/গোসাইরহাট/ভেদরগঞ্জ/নাওডোবা অফিস, শরীয়তপুর পবিস।
১১। এজিএম (আইটি), শরীয়তপুর পবিস (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১২। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www.pbs.shariatpur.gov.bd ), শরীয়তপুর পবিস।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

২৭।০৮।২২

(মোঃ জুলফিকার রহমান)
জেনারেল ম্যানেজার

ফরম নং- পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিতঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ।

# শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে
# সহকারী ক্যাশিয়ার/অফিস সহায়ক পদে প্যানেলভুক্তি/
# নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)।**

ISO 9001:2015 Certified

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি
নড়বালাখানা, শরীয়তপুর।

০১। নিয়োগ বিজ্ঞপ্তি নং

০২। আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে)

০৩। পদের ধরণ

০৪। বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

০৫। প্রকাশনার তারিখ

০৬। আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

০৭। জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

----------/----------------/--------------(দিন/মাস/বছর)

০৮। মাতার নাম

০৯। বয়স (২৫/০৯/২০২২ খ্রিঃ তারিখে)

১০। পিতার নাম

১১। ধর্ম

১২। জাতীয়তা

১৩। নিজ জেলা

১৪। টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫। বৈবাহিত অবস্থা (টিক (✓)

☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬। কোন কোটার সুবিধা প্রাপ্ত (বক্সের ভিতর খালি অংশে টিক (✓) দিন

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধী

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম ☐ অন্যান্য

১৭। স্থায়ী ঠিকানাঃ

ক। গ্রাম/সড়ক/বাড়ী খ। ডাকঘর গ। উপজেলা/থানা ঘ। জেলা

১৮। যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

ক। গ্রাম/সড়ক/বাড়ী খ। ডাকঘর গ। উপজেলা/থানা ঘ। জেলা

১৯। পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর

২০। পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য

২১। ইস্যুর তারিখ

২২। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| ---------------শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |
| স্নাতকোত্তর | | | | |

২৩। অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২৪। প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫। প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠোফোন নম্বর এবং ই-মেইল (ঠিকানা যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬। পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে):

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবো/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি প্রথম শ্রেণীর গ্রেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

----------------------------------------
তারিখ

----------------------------------------
আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি
নড়বালাখানা, শরীয়তপুর।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত (এমসিকিউ/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষায়

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর : ------------------------------------------------------------

পরীক্ষার তারিখ : ------------------------------------------------------------

পরীক্ষার সময় : ------------------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের নাম : ------------------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ------------------------------------------------------------

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর :

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম : ------------------------------------------------------------

প্রার্থীর নাম : ------------------------------------------------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক : পিতা/অভিভাবকের নামঃ ------------------------------------------------------------

মাতার নাম :------------------------------------------------------------গ্রাম/মহল্লা :------------------------------------------------------------

ডাকঘর :------------------------------------------------------------থানা/উপজেলা :------------------------------------------------------------

জেলা :------------------------------------------------------------

মোবাইল নং------------------------------------------------------------

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অনন্ত ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০:০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোনো ব্যাগ, বই পত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ, ক্যালকুলেটর, মুঠোফোন ও ডিজিটাল ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

০৫। চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজ পত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।